

► যোগ্যতাভিত্তিক কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ক. খ্রিষ্টবিশ্বাসী হিসেবে তুমি ঈশ্বরকে উপলব্ধি করতে চাও এবং মানুষের কাছে ঈশ্বরের বাণী পৌঁছে দিতে চাও। এর জন্য তোমাকে কীসের ভূমিকা পালন করতে হবে? এ সম্পর্কে তোমার ধারণা ৪টি বাক্যে লেখ। ১+৪=৫

উত্তর: খ্রিষ্টবিশ্বাসী হিসেবে ঈশ্বরকে উপলব্ধি করতে এবং মানুষের কাছে ঈশ্বরের বাণী পৌঁছে দিতে চাইলে আমাকে প্রবক্তার ভূমিকা পালন করতে হবে।

প্রবক্তা সম্পর্কে ধারণা—

ক. প্রবক্তা ঈশ্বরের বাণীর আলোকে অতীতের বিষয় ধ্যান করে তাঁর যুগের ঘটনাবলির গভীর তাৎপর্য আবিষ্কার করেন।

খ. প্রবক্তা ঈশ্বরের ইচ্ছা বুঝতে পারেন।

গ. ভবিষ্যতের জন্য ঈশ্বরের পরিকল্পনা জানতে পারেন।

ঘ. ঈশ্বরের নামে মানুষের কাছে এসব বিষয় নির্ভয়ে ঘোষণা করেন প্রবক্তা।

প্রশ্ন-খ. শিক্ষক এমন একজন প্রবক্তার কথা বলেছিলেন, যিনি ঈশ্বরের নির্দেশে একজন রাজাকে তার পাপ সম্পর্কে তিরস্কার করেছিলেন। শিক্ষক কার কথা বলেছেন? উক্ত প্রবক্তা কোন রাজাকে তিরস্কার করেছিলেন? প্রবক্তাগণ কীভাবে মানুষের মন পরিবর্তনে ভূমিকা পালন করেন তা ৩টি বাক্যে লেখ। ১+১+৩=৫

উত্তর: শিক্ষক প্রবক্তা নাথানের কথা বলেছেন। তিনি রাজা দাউদকে তাঁর পাপ সম্পর্কে তিরস্কার করেছিলেন।

মানুষের মন পরিবর্তনে প্রবক্তার ভূমিকা—

মানুষ প্রবক্তাদের নিকট থেকে ঈশ্বরের কৃপার কথা শুনে তাঁর অনুসারী হয়। অন্যদিকে প্রবক্তারা ঘোষণা করে মুক্তিদাতার আগমন বার্তা। এভাবে তাঁরা নিরাশ অন্তরে এনে দেন ঈশ্বরের পরিত্রাণের আনন্দ এবং ভারাক্রান্ত হৃদয়ে জাগিয়ে তুলেন নতুন আশার আলো।

প্রশ্ন-গ. তুমি কী কী উপায়ে প্রবক্তার ভূমিকা পালন করতে পার তা পাঁচটি বাক্যে লেখ। ৫

উত্তর: আমরা কীভাবে প্রবক্তার ভূমিকা পালন করতে পারি তার পাঁচটি উপায় নিচে দেওয়া হলো:

১. সেখানেই সুযোগ যায় সেখানে বিশ্বাসী বা অশ্রদ্ধাসী সকলের কাছে খ্রিষ্টের বাণী প্রচার করে।
২. সর্বদা সত্য কথা বলে ও সৎ পথে চলে।
৩. খ্রিষ্ট বিশ্বাস অনুসারে জীবনযাপন করে।
৪. অনৈতিক অবস্থার প্রতিবাদ জানিয়ে নৈতিকতা প্রতিষ্ঠায় অংশগ্রহণ করে।
৫. বাস্তবতার আলোকে নিজের মতামত প্রকাশ করে।

► সাধারণ কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ঘ. পবিত্র বাইবেলে যে ১৬ জন প্রবক্তার নামে গ্রন্থ আছে তাদের মধ্য থেকে ৪ জন মুখ্য প্রবক্তা ও ৬ জন গৌণ প্রবক্তার নাম লেখ। ৫

উত্তর: চারজন মুখ্য প্রবক্তার নাম হলো: ১. ইসাইয়া (যিশাইয়) ২. জেরেমিয়া (যিরেমিয়) ৩. এজেকিয়েল (যিহিস্কেল) এবং ৪. দানিয়েল।

ছয় জন গৌণ প্রবক্তার নাম হলো: ১. হোসেয় ২. যোয়েল ৩. আমোস ৪. যোনা ৫. ওবাদিয়া ও ৬. মিখা।